দৈনিক বাংলা

তারিখ ... 15/2/80 ...
পৃষ্ঠা ... 9 কলাম 6 ...

102

## নিরক্ষরতা দূরীকরণ অভিযান

চৌধুরী তানবীর আহমদ সিদ্দিকীর (বিএনপি) এক প্রশ্নের জবাবে শিক্ষা প্রতিমন্ত্রী জানান যে, রাষ্ট্রপতির ঘোষণা অনুযায়ী আগামী ২১শে ফেব্রুয়ারী থেকে ৩০শে জুন পর্যন্ত যে স্বাক্ষরতা অভিযান শুরু হবে তাতে এক কোটি লোক স্বাক্ষরতা অর্জন করবে। এ জন্য বিনা মূল্যে এক কোটি বই ও বইয়ের মধ্যে লেখার জন্য সাদা কাগজ বিতরণের এবং শিক্ষক শিক্ষিকাদের বিনা মূল্যে প্রশিক্ষণের ব্যবস্থা করা হচ্ছে।

তিনি জানান যে, গত ৪ বছরে দেশের ৮টি থানায় নিরক্ষরতা দূরীকরণের পরীক্ষামূলক এক প্রকল্পের অধীনে ৪৭ হাজার ৪শ ১৭ জন ছাত্র-ছাত্রী পূর্ণ স্বাক্ষরতা অর্জন করে। এছাড়া ৮৫ হাজার ২শ ৭৯ ও ৬৪ হাজার ৯শ ২৭ জন ছাত্র-ছাত্রী যথাক্রমে ১ম ও ২য় সনদ লাভ করে।